



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩

৩০ পৌষ ১৪৩০
তারিখ: -----
১৪ জানুয়ারি ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

চলচ্চিত্র শিল্পের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার লক্ষ্যে বিদ্যমান সিনেমা হলগুলো সংস্কার ও আধুনিকায়ন এবং নতুন সিনেমা হল নির্মাণের উদ্দেশ্যে স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক একটি বিশেষ পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme) গঠন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৪, তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০২১, বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৯, তারিখ: ০৯ ডিসেম্বর ২০২১, বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩, তারিখ: ০৮ মে ২০২২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫, তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ গ্রহণে সিনেমা হল মালিকদের যথেষ্ট আগ্রহ থাকা সত্ত্বেও ঋণ গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে সঠিক ও সুস্পষ্ট ধারণা না থাকায় অনেক গ্রাহক যথাসময়ে ঋণ আবেদন দাখিলে সক্ষম হননি। তাছাড়া ঋণ নিয়মাচার পরিপালনপূর্বক বর্ণিত পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে তফসিলি ব্যাংক নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয় বরাবর উল্লেখযোগ্য সংখ্যক আবেদন দাখিলে সমর্থ হয়নি মর্মে জানা যায়।
- ০৩। এমতাবস্থায়, অংশগ্রহণকারী ব্যাংক কর্তৃক আলোচ্য স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণোত্তর পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট আবেদন দাখিলের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।
- ০৪। এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।
- ০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২